

কোন কারণ ছিল বলে তোমার মনে হয় কি? যুক্তিসহ তোমার বক্তব্য জানাও।

- ৫। গিরিশ ঘোষের ‘ম্যাকবেথ’ অনুবাদ তাঁর সমকালীন রঙ্গালয়ের বিনোদন সংস্কৃতির সাযুজ্যে নির্মিত। কিন্তু উৎপল দত্তের অনুবাদে বিনোদন নিয়ে মাথাব্যথা নেই। — এই মন্তব্য সম্পর্কে কী মতামত তোমার? যুক্তিসহ লেখো।

অথবা

- ৬। অ্যাজিট প্রপ্যাগান্ডিস্ট উৎপল দত্ত, পেশাদারী নট গিরিশ ও পেশাদারী নাটককার শেক্সপীর থেকে কোথায় স্বতন্ত্রতা ‘ম্যাকবেথ’ প্রসঙ্গে আলোচনা করো।
- ৭। কামুর বিশ্বখ্যাত উপন্যাসের ইংরেজি অনুবাদ ‘দ্য আউটসাইডার’ কিংবা ‘দ্য স্ট্রেঞ্জার’। ‘বহিরাগত’ কিংবা ‘আগন্তুক’ নয়, প্রেমেন্দ্র মিত্র বাংলা তর্জমার নাম দিয়েছেন ‘অচেনা’। এই নামকরণটি উপন্যাসের বিষয়ের সঙ্গে কতোটা সংগতিপূর্ণ হয়েছে বলে তুমি মনে কর?

অথবা

- ৮। কামুর পাঠ্য উপন্যাসটির নায়ক আগাগোড়া নিজের অনুভূতির কাছে সৎ থাকার চেষ্টা করেছে, কিন্তু তার সেই ‘সত্যতা’ বারবার প্রত্যাখ্যাত হয়েছে চারপাশ থেকে। কামুর উপন্যাসটিকে সততা বিষয়ক একটি সন্দর্ভ হিসেবে পড়া যায়? যুক্তিসহ লেখো।

অথবা

- ৯। তিনটি মৃত্যুর প্রসঙ্গ কামুর উপন্যাসটির আদি-মধ্য-অন্ত্যে উপস্থাপিত হয়েছে। এই মৃত্যু প্রসঙ্গগুলির গুরুত্ব কী সংক্ষেপে আলোচনা করো।

কলা স্নাতক অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০২২

(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেস্টার)

বাংলা

কোর্স : ইউ জি - ৬.৩৪

অনুবাদ সাহিত্য

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও।

প্রশ্নগুলির মান সমান

- ১। আমাদের পাঠ্য উইলিয়াম বাটলার ইয়েটসের ‘রাজনীতি’ এবং জুসেপ্পে উনগারেত্তির ‘পাঁচটি কবিতা’ বাংলাভাষায় অনুবাদ করেছেন আলোকরঞ্জন দাশগুপ্ত। দুটি ক্ষেত্রে ভাবনা ও বক্তব্যের খাঁচ অনুযায়ী অনুবাদকের ভাষাও বদলে গিয়েছে। বিষয়টি পর্যালোচনা করো।

অথবা

- ২। শার্ল বদলেয়রের ‘এক শব্দ’ কবিতাটির বক্তব্য ও দৃষ্টিভঙ্গিতে যে আধুনিকতা আছে, তা তোমার পড়া অনুবাদে প্রকাশ পেয়েছে কি? আলোচনা করো।
- ৩। নতুন দেশ, নতুন মানুষ এবং নতুন সংস্কৃতির কথা থাকলেও মম-এর ‘বৃষ্টি’ গল্পের মুখ্য আকর্ষণ পাদরি ডেভিডসনের চরিত্র। মন্তব্যটি বিশ্লেষণ করো।

অথবা

- ৪। ত্রিন্সান্তিমাম ফুলকে আমরা বাংলায় চন্দ্রমল্লিকা হিসেবেই জানি, কিন্তু লরেন্সের ‘Odour of Chrysanthemums’ গল্পের অনুবাদে ক্ষিতীশ রায় এই বিদেশি ফুলের নামটি ছবছ বজায় রেখেছেন। এর বিশেষ